

## 🔳 মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯: ৫৪

## **া** আরবি মূল আয়াত:

## وَ اذكُر فِي الكِتٰبِ اِسمْعِيلَ اِنَّهُ كَانَ صَادِقَ الوَعدِ وَ كَانَ رَسُولًا نَّبِيًّا ﴿ عَلَى الْمُعِيلَ اِنَّهُ كَانَ صَادِقَ الوَعدِ وَ كَانَ رَسُولًا نَّبِيًّا ﴿ عَلَى الْمُعَالِ الْمُعَالِ اللَّهُ عَلَى الْمُعَالِ اللَّهُ عَلَى الْمُعَالِقِ الْمُعَلِقِ الْمُعَلِقِ الْمُعَالِقِ الْمُعَالِقِ الْمُعَلِقِ الْمُعَلِقِ الْمُعَالِقِ الْمُعَالِقِ الْمُعَلِقِ الْمُعَلِقِ الْمُعَلِقِ الْمُعَلِقِ الْمُعَلِقِ الْمُعَلِقِ الْمُعَلِقِ الْمُعَلِقِ الْمُعُلِقِ الْمُعَلِقِ الْمُعِلِقِ الْمُعِلِقِ الْمُعَلِقِ الْمُعَلِقِ الْمُعِلِقِ الْمُعِلَّقِ الْمُعِلَّقِ الْمُعِلِقِ الْمُعِلَّقِ الْمُعِلِقِ الْمُعِلَّقِ الْمُعِلَّقِ الْمُعِلَقِ الْمُعِلَّقِ الْمُعِلَّقِ الْمُعِلَّقِ الْمُعِلَّقِ الْمُعِلَقِ الْمُعِلَّقِ الْمُعِلَّقِ الْمُعِلِقِ الْمُعِلَّقِ الْمُعِلِقِ الْمُعِلِقِ الْمُعِلِقِ الْمُعِلِقِ الْمُعِلِقِ الْمُعِلَّقِ الْمُعِلِقِ الْمُعِلِقِ الْمُعِلِقِ الْمُعِلِقِ الْمُعِلِقِ الْمُعِلَّ الْمُعِلَّ الْمُعِلَّ الْمُعِلَّ الْمُعِلَّ الْمُعِلِقِ الْ

## 

আর স্মরণ কর এই কিতাবে ইসমাঈলকে। সে ছিল সত্যিকারের ওয়াদা পালনকারী এবং সে ছিল রাসূল, নবী। — আল-বায়ান

এ কিতাবে উল্লেখিত ইসমাঈলের কথা স্মরণ কর, সে ছিল ওয়া'দা রক্ষায় (দৃঢ়) সত্যবাদী, আর ছিল একজন রসূল ও নবী। — তাইসিরুল

এই কিতাবে উল্লেখিত ইসমাঈলের কথা বর্ণনা কর, সে ছিল প্রতিশ্রুতি পালনে সত্যাশ্রয়ী এবং সে ছিল রাসূল, নাবী। — মুজিবুর রহমান

And mention in the Book, Ishmael. Indeed, he was true to his promise, and he was a messenger and a prophet. — Sahih International

৫৪. আর স্মরণ করুন এ কিতাবে ইসমাঈলকে, তিনি তো ছিলেন প্রতিশ্রুতি পালনে সত্যাশ্রয়ী (১) এবং তিনি ছিলেন রাসূল, নবী;

(১) ওয়াদা পালনে ইসমাঈল আলাইহিস সালামের স্বাতন্ত্র্যের কারণ এই যে, তিনি আল্লাহর সাথে কিংবা কোন বান্দার সাথে যে বিষয়ের ওয়াদা করেছেন, অবিচল নিষ্ঠা ও যত্ন সহকারে তা পালন করেছেন। তিনি আল্লাহর সাথে ওয়াদা করেছিলেন যে, নিজেকে জবাই এর জন্যে পেশ করে দেবেন। এবং তজ্জন্যে সবর করবেন। তিনি এ ওয়াদায় উত্তীর্ণ হয়েছেন। [ইবন কাসীর] একবার তিনি জনৈক ব্যক্তির সাথে একস্থানে সাক্ষাতের ওয়াদা করেছিলেন। কিন্তু লোকটি সময়মত আগমন না করায় সেখানে অনেক দিন পর্যন্ত অপেক্ষা করতে থাকেন। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৫৪) এই কিতাবে (উল্লিখিত) ইসমাঈলের কথা বর্ণনা কর, সে ছিল একজন প্রতিশ্রুতি পালনকারী এবং সে ছিল রসূল, নবী।



**ঞ্জ hadithbd.com** — কুরআন — মারইয়াম। Maryam। مُرْيُم

\_

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2304

🗿 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন